

সম্পাদকীয়:

করোনা মোকাবেলার বিভিন্নমুখী উদ্যোগের পাশাপাশি অন্যান্য কাজেও সম্পৃক্ত থাকতে হচ্ছে সারাদেশের সুজন-এর বন্ধুদের। তাঁদের উদ্যোগগুলো সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে জানাতেই ধারাবাহিকভাবে প্রকাশিত হচ্ছে সুজন ই-সংবাদ। এবারে প্রকাশিত হলো পয়ত্রিশতম সংখ্যা।

সুনাগঞ্জ 'মুজিববর্ষ' উপলক্ষে বৃক্ষরোপন ও গাছের চারা বিতরণ



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী "মুজিববর্ষ" উপলক্ষে বৃক্ষরোপন ও গাছের চারা বিতরণ কর্মসূচি পালন করেছে সুজন-সুনাগঞ্জ জেলা কমিটি। গত ২০ জুলাই ২০২০, সোমবার, বিশ্বম্ভরপুর উপজেলার ভাদেরটেক গ্রামে এ কর্মসূচি পালন করা হয়। সুজন-সুনাগঞ্জ জেলা কমিটির সিনিয়র সহ-সভাপতি জনাব আলী হায়দার একটি জামগাছ রোপনের মধ্য দিয়ে কর্মসূচির শুভ সূচনা করেন।

কর্মসূচিতে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সুনাগঞ্জ জেলা কৃষকলীগের আহ্বায়ক আব্দুল কাদির শান্তি মিয়া, সুনাগঞ্জ পরিবেশ রক্ষা আন্দোলন সভাপতি এ কে এম আবু নাছার, স্থানীয় ইউপি সদস্য হাবিবুর রহমান। সুজন নেতৃবৃন্দ অতিথিবৃন্দকে সাথে নিয়ে বৃক্ষরোপন করেন। এ সময় আরও উপস্থিত ছিলেন সুজন-সুনাগঞ্জ জেলা কমিটির সাধারণ সম্পাদক প্রভাষক ফজলুল করিম সাইদ, প্রচার সম্পাদক আমিনুল হক, সুরমাপোস্ট ডটকমের সম্পাদক ও প্রকাশক একে কুদরত পাশা, গণসমাচার ডট কমের সম্পাদক সাইফুল ইসলাম সদরুল, সুনাগঞ্জ পরিবেশ রক্ষা আন্দোলনের যুগ্ম সম্পাদক মহিবুর রহমান মুহিব, আব্দুল গণি পাঠান, দপ্তর সম্পাদক মেহেদি হাসান লিটন, অর্থ সম্পাদক আলমগীর কবির প্রমুখ। পরে গ্রামবাসীর মধ্যে গাছের চারা বিতরণ করা হয়।

দ্বিতীয় মৃত্যুবার্ষিকীতে মাহবুব আলতমাসকে স্মরণ

সুজন-ফেনী জেলা কমিটির সভাপতি, বিশিষ্ট কবি ও সাংবাদিক মাহবুব আলতমাস এর দ্বিতীয় মৃত্যুবার্ষিকী উপলক্ষে গত ২৭ জুলাই ২০২০, সোমবার, সুজন-ফেনী জেলা কমিটি ও দৈনিক ফেনীর সময় যৌথভাবে অনলাইন স্মরণানুষ্ঠানের আয়োজন করে।

দৈনিক ফেনীর সময় লেখক পাঠক ফোরামের সভাপতি প্রফেসর উৎপল কান্তি বৈদ্যের সভাপতিত্বে এবং সুজন-ফেনী জেলা কমিটির সম্পাদক ও দৈনিক ফেনীর সময় সম্পাদক মোহাম্মদ শাহাদাত হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠিত স্মরণানুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সুজন- কেন্দ্রীয় কমিটির সম্পাদক ড. বদিউল আলম মজুমদার। স্মরণানুষ্ঠানে আলোচনায় অংশ নেন ফেনী ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য সচিব ডা. তবারক উল্লাহ চৌধুরী বায়েজীদ, ফেনী প্রেস ক্লাবের সাবেক সাধারণ সম্পাদক মাহবুবুল আলম, বঙ্গবন্ধু আবৃত্তি পরিষদের সভাপতি ওবায়দ মজুমদার, জেলা হিন্দু-বৌদ্ধ-খ্রীষ্টান্য ঐক্য পরিষদের আহ্বায়ক ও ফেনী রিপোর্টার্স ইউনিটির সাবেক সাধারণ সম্পাদক শুকদেব নাথ তপন, জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক পার্থ পাল চৌধুরী, সুজন ফেনী পৌর কমিটির সভাপতি জাহিদ হোসেন বাবলু ও সাধারণ সম্পাদক ইমন উল হক, সম্মিলিত সাংস্কৃতিক জোটের জেলা সাধারণ সম্পাদক সমর দেবনাথ,



মাহবুব আলতমাসের মেয়ে কানিজ ফাতেমা। মাহবুব আলতমাস স্মরণে স্বরচিত কবিতা পাঠ করেন রবীন্দ্র সংগীত সম্মিলন কেন্দ্র ফেনী জেলা সভাপতি শিখা সেন গুপ্ত, ফেনী পোর্টেট সোসাইটির যুগ্ম-সম্পাদক ইকবাল আলম, জাতীয় কবিতা পরিষদের ফেনী জেলা সাধারণ সম্পাদক উত্তম দেবনাথ। প্রধান অতিথির বক্তব্যে ড. বদিউল আলম মজুমদার বলেন, 'মাহবুব আলতমাসের অসম্পূর্ণ কাজকে সম্পন্ন করার প্রচেষ্টাই হবে তাঁর প্রতি প্রকৃত শ্রদ্ধা নিবেদন এবং তাঁর স্বপ্ন বাস্তবায়নের মধ্য দিয়েই সমৃদ্ধ থাকবে তার স্মৃতি।'

রংপুরে জাকির আহম্মেদের মানবিক উদ্যোগ

দেশে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব দেখা দিলে মানুষের স্বাভাবিক জীবনযাপন ব্যাহত হতে থাকে। আতঙ্কগ্রস্ত হয়ে পড়েন সাধারণ মানুষ। একটা সময় ঘরবন্দি হয়ে যায় সবাই। ফলে নানা সমস্যার সম্মুখীন হয় তারা। বিশেষ করে অসুস্থ মানুষের চিকিৎসা সেবা প্রায় বন্ধ হয়ে যায়। কেননা করোনার আতঙ্ক শুধু সাধারণ মানুষের মধ্যে নয়, চিকিৎসক তথা চিকিৎসা সেবার উপরেও এর নেতিবাচক প্রভাব পড়ে। মানুষকে ঘরে রেখেই কিভাবে চিকিৎসা সেবা দেয়া যায় এমন ভাবনা থেকে সুজন রংপুর জেলা কমিটির সহ সম্পাদক ও বিভাগীয় লেখক পরিষদ, রংপুর এর সাধারণ সম্পাদক জাকির আহম্মদ সাহিত্য পরিষদের সদস্য মজনুর রহমান সহ অন্যান্যদের সাথে পরামর্শ করে ফোনে ও অনলাইনে জরুরী চিকিৎসা পরামর্শ সেবার উদ্যোগ নেন। ৬ জন বিশেষজ্ঞ চিকিৎসকও তাদের আহ্বানে সাড়া দিয়ে ফোন ও অনলাইনে জরুরী চিকিৎসা পরামর্শ দিচ্ছেন। ভুক্তভোগীরা যেকোন সমস্যায় নির্দিষ্ট নম্বরে যোগাযোগ করে অথবা ফেসবুক মেসেঞ্জারে মেসেজ করে সেবা গ্রহণ করেন। শুরু থেকে এ পর্যন্ত কয়েক শত মানুষ চিকিৎসাসেবা নিয়েছেন এবং এ সেবা অব্যাহত রয়েছে। জরুরী চিকিৎসাসেবার



পাশাপাশি বিত্তবানদের সহায়তায় সীমিত পরিসরে ৩০,০০০/- টাকার সহায়তা তহবিল গঠন করে কর্মহীন এবং খাবার সংগ্রহ করতে পারছে না বা সরকারি কোন ভাতা পাচ্ছে না আবার ট্রাণের জন্য লাইনেও দাঁড়াতে পারছেন না এমন ব্যক্তি ও পরিবারের পাশেও দাঁড়িয়েছে জাকির আহম্মেদ। প্রায় ৩০ টি পরিবারকে আর্থিক ভাবে সহায়তা করেছেন তিনি।

বন্যা দুর্গতদের পাশে সুজন-নেত্রী কবি নাসরিন আবেদীন



করোনাভাইরাসের প্রাদুর্ভাবের পাশাপাশি পর পর তিন দফা বন্যায় সুনাগঞ্জের জনজীবন বিপর্যস্ত। সবচেয়ে বেশি বিপাকে পড়েছেন নিম্ন আয়ের মানুষজন। দরিদ্র মানুষের কষ্টের কথা বিবেচনা করে সুজন-সুশাসনের জন্য নাগরিক, সুনাগঞ্জ জেলা কমিটির সম্মানীত সদস্য মরমী কবি হাসন রাজার প্রপৌত্র ও সাবেক সংসদ সদস্য দেওয়ান সামসুল আবেদীনের সহধর্মিণী, কবি নাসরিন আবেদীন বন্যা দুর্গতদের পাশে দাঁড়িয়েছেন।

গত ২০ জুলাই ২০২০, মঙ্গলবার, সুনাগঞ্জ শহরের বন্যা দুর্গত শতাধিক অসহায় পরিবারের মাঝে নগদ এক হাজার টাকা করে লক্ষাধিক টাকা বিতরণ করেন। নগদ অর্থ বিতরণকালে কবি নাসরিন আবেদীন বলেন, 'করোনায মানুষ কর্মহীন হয়ে পড়েছে। তার উপর পর পর তৃতীয় দফা বন্যার কবল পড়ে মানুষ চরম দুর্ভোগে আছে। তাই আমার ব্যক্তিগত উদ্যোগে এই সামান্য সহযোগিতা।' আগামীতেও এই ধরনের উদ্যোগ অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।